



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



৩৭.১৬.০০০০.০০৮.২৭.০০১.২০-০০০১

তারিখঃ ১৬/০৩/২০২২।

বিষয়ঃ নতুন পদ্ধতিতে অনলাইনে বোর্ড কর্তৃক নির্ধারিত “ইআইআইএন সম্বলিত অফিশিয়াল মোবাইল সিম উত্তোলনের” অথবা “পুরাতন ইআইআইএন সম্বলিত সিম রিপ্লেসমেন্ট” এর জন্য আবেদন প্রসঙ্গে।

সূত্রঃ গ্রামীণফোনের সাথে ১৪ মার্চ, ২০১৯ তারিখে স্বাক্ষরিত চুক্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন মাদ্রাসার সাথে শিক্ষা মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর/সংস্থার (যেমন; মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বিভিন্ন শিক্ষা বোর্ড, ব্যানবেইজ ইত্যাদি) সাথে জরুরি যোগাযোগ সহজিকরণ ও বিভিন্ন অনলাইন সেবা দ্রুত, শাস্রয়ী ও সহজলভ্য করার জন্য প্রতিটি মাদ্রাসায় ইআইআইএন এর ৬ ডিজিট ব্যবহার করে বিনামূল্যে গ্রামীণ ফোনের অফিশিয়াল মোবাইল সিম ইতোমধ্যে সরবরাহ করা হয়েছে।

পাঠদানের অনুমতিপ্রাপ্ত নতুন মাদ্রাসার ইআইআইএন সম্বলিত সিম উত্তোলন করা এবং ইতোমধ্যে সরবরাহকৃত সিম হারিয়ে যাওয়া বা যেকোন কারণে নষ্ট হওয়ার কারণে সিম রিপ্লেসমেন্টের প্রয়োজন হয়। এই কাজটি সুষ্ঠুভাবে সম্পন্নের জন্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক একটি সিস্টেম ডেভেলপ করা হয়েছে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে “সিম উত্তোলন” / “ইআইআইএন সম্বলিত সিম উত্তোলন” বাটন/লিঙ্কে ক্লিক করে নিজ নিজ মাদ্রাসার EIIN এবং Password দিয়ে লগইন করে অপারেশন ম্যানুয়ালে বর্ণিত নিয়মে EIIN SIM উত্তোলন/রিপ্লেসমেন্টের আবেদন করতে হবে। অতপর আবেদনটি প্রিন্ট করে নিকটস্থ গ্রামীণ ফোনের কাস্টমার কেয়ার সার্ভিসে স্ব-শরীরে উপস্থিত হয়ে সিম সংগ্রহ করতে হবে।

ছাত্র-ছাত্রীর তথ্যসহ প্রতিষ্ঠানের বিভিন্ন তথ্যের সর্বোচ্চ নিরাপত্তার স্বার্থে প্রদত্ত সিমযুক্ত মোবাইল সেটটি কোনভাবেই হস্তান্তর করা যাবে না, অনলাইনে বোর্ডের যেকোনো প্যানেলে কাজ করতে হলে এ সিমযুক্ত মোবাইলে (OTP-one time password) পাসওয়ার্ড প্রদান করা হবে যা ব্যবহার করে রেজিস্ট্রেশন, ফরম-ফিলাপ, ব্যবহারিক নম্বর প্রদান ইত্যাদি কাজ করতে হবে। প্রতিষ্ঠানের এ সিমটি সার্বক্ষণিক সচল রাখার জন্য পরামর্শ দেয়া হ'ল।

মাদ্রাসা প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে এ কাজে সার্বিক সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে




মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/সুপার

বোর্ডের আওতাভুক্ত সকল মাদ্রাসা



registrar@bmeb.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাজী/কুমিল্লা/যশোর/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, গ্রামীণ ফোন প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। বোর্ডের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা -কর্মচারী, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বোর্ড সিম উত্তোলনের আবেদনের নিয়মাবলী

প্রথমে প্রতিষ্ঠান প্রধান মাদ্রাসা বোর্ডের ওয়েবসাইটে “সিম উত্তোলন”/“ইআইআইএন সম্বলিত সিম উত্তোলনের আবেদন” button/link এ ক্লিক করে নিজ প্রতিষ্ঠানের EIIN ও password দিয়ে login করবেন।

Login করার পর নিচের screen এর মতো একটি ফর্ম পাওয়া যাবে। ফর্মে আবেদনের বিষয় থেকে “নতুন ইআইআইএন সিম উত্তোলনের জন্য আবেদন” অথবা “পুরাতন ইআইআইএন সিম রিপ্লেসমেন্টের জন্য আবেদন” select করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ইআইআইএন এবং সিম নম্বর স্বয়ংক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে।

“আবেদনকারীর নাম”, “আবেদনকারীর পদবী” এবং “আবেদনকারীর মোবাইল নম্বর” এর ক্ষেত্রে যিনি সিমটি উত্তোলন করতে যাবেন, তার নাম, পদবী ও মোবাইল নম্বর entry করতে হবে। অতঃপর **Get OTP** button এ ক্লিক করলে **আবেদনকারীর মোবাইল নম্বর** এ দেওয়া নম্বরটিতে একটি OTP যাবে। “ওটিপি(OTP)”-এর ডান পাসের বক্সে মোবাইলে প্রাপ্ত OTP সঠিক ভাবে পূরণ করতে হবে।

OTP সঠিকভাবে পূরণ করলে স্বয়ংক্রিয়ভাবে নিচের screen টি আসবে।

আবেদনকারীর ছবি, এন.আই.ডি ও এন.আই.ডি এর ছবি এবং হারানো সিমের ক্ষেত্রে থানার জিডি আপলোড করে “**Submit**” button এ ক্লিক করলে নিচের স্ক্রীনশটের মতো একটি আবেদন স্বয়ংক্রিয়ভাবে generate হবে।

আবেদনটি print করে আবেদনকারীর **মূল NID** ও **প্রদত্ত নম্বর সম্বলিত মোবাইল সেট** সহ যেকোন গ্রামীনফোন সেন্টারে (GPC) গিয়ে সিম কার্ডটি সংগ্রহ করতে হবে।

সংগ্রহ করার ২৪ ঘণ্টার মধ্যে সিম কার্ডটি একটিভ হবে।